
JAN. 8 2001

হবে।



সভাপতি



মহাসচিব

**ইসলামী ছাত্রশিবির**

# নূরুল ইসলাম বুলবুল সভাপতি নজরুল ইসলাম মহাসচিব নির্বাচিত

**স্টাফ রিপোর্টার ঃ** নূরুল ইসলাম বুলবুল ইসলামী ছাত্রশিবিরের নতুন কেন্দ্রীয় সভাপতি এবং নজরুল ইসলাম সেক্রেটারী জেনারেল নির্বাচিত হয়েছেন। গতকাল (রবিবার) ২০০১ সালের জন্য নতুন সভাপতি নির্বাচনের মধ্য দিয়ে শিবিরের কেন্দ্রীয় সদস্য সম্মেলন সমাপ্ত হয়। এতে সদস্যদের প্রত্যক্ষ ভোটে আগামী এক বছরের জন্য নূরুল ইসলাম বুলবুল কেন্দ্রীয় সভাপতি নির্বাচিত হন। পরে নবনির্বাচিত সভাপতি কার্যকরী পরিষদের সাথে পরামর্শ করে মোঃ নজরুল ইসলামকে সেক্রেটারী হিসেবে মনোয়ন দেন।

গতকাল সম্মেলনের সমাপনী দিনে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল আলী আহসান মুহাম্মদ মুজাহিদ, সংসদীয় দলের নেতা মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদী এমপি, সহকারী সেক্রেটারী জেনারেল মুহাঃ কামরুজ্জামান, আবদুল কাদের মোল্লা, প্রিন্সিপাল মাওলানা মোঃ আবু তাহের এবং নবনির্বাচিত সেক্রেটারী জেনারেল মুহাম্মদ নজরুল ইসলাম প্রমুখ।

জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল আলী আহসান মুহাম্মদ মুজাহিদ বলেন, দুনিয়ার কল্যাণ ও আখেরাতের মুক্তির একমাত্র পথ ইসলামী আন্দোলন। নতুন বছরে নতুন উদ্দীপনার মাধ্যমে ইসলামী আন্দোলনকে কাংখিত মানে পৌছানোর জন্য শিবির কর্মীদেরকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে মাওলানা সাঈদী বলেন, "সৎ কাজের আদেশ এবং অসৎ কাজের নিষেধ করা ছেড়ে দেয়ায় বিশ্বব্যাপী মুসলমানদের দুরবস্থার সৃষ্টি হয়েছে। আজ মুসলমানদেরকে দ্বীনের দাওয়াতের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।